

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোরহানউদ্দিন, ভোলা।
(borhanuddin.bhola.gov.bd)

স্মারক নং: ০৫.১০.০৯২৯.০০০.৯৯.০০৬.২৩. ২৬

তারিখ: ০৪ ফেব্রুয়ারি ২০২৪


নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ অনুযায়ী ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নবর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলি অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১.	পেশ ইমাম	০১ (এক)	১৫০০০ (পনেরো হাজার) টাকা	ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রি/ দাওরায়ে হাদিস পাশ। কোনো প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন। গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শর্তাবলি:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) সচল মোবাইল নম্বর (ঞ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা বরাবর আবেদন করতে হবে।
- আবেদনপত্রে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
 - পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
 - জাতীয় পরিচয়পত্র/ অনলাইন জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা সত্যায়িত ০২ (দুই) কপি রঙিন ছবি।
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি।
 - সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।
 - উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা বরাবর পেশ ইমাম পদের জন্য ৫০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর সকল সনদপত্র, ছায়াছবি/ফটোকপি ইত্যাদি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নাম সন্ধানিত) সীলসহ সত্যায়িত করতে হবে। অন্য কোনো প্রতিষ্ঠানে চাকরি/কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করতে হবে। সেক্ষেত্রে আবেদনপত্রের সাথে কর্তৃপক্ষের অনুমতিপত্র সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্র আগামী ১৫/০২/২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/ সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- খামের উপর 'পদের নাম' সুস্পষ্টভাবে লিখতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- লিখিত/ মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই মূল সনদপত্র, প্রশংসাপত্র ও জাতীয় পরিচয়পত্রের মূল কপি সাথে আনতে হবে।
- প্রার্থীকে লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- চূড়ান্ত নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে কর্তৃপক্ষ কর্তৃক শারীরিক ও মানসিকভাবে উপযুক্ত বিবেচিত হতে হবে।
- আবেদনপত্র বাছাই শেষে শুধু বৈধ প্রার্থীদের লিখিত/ মৌখিক/ ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় ওয়েবসাইট (borhanuddin.bhola.gov.bd) এবং প্রার্থীর মোবাইলে ক্ষুদ্রে বার্তা (SMS) এর মাধ্যমে জানানো হবে।
- কোনো তথ্য গোপন করলে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যেকোনো ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

 ০৪/০২/২৪

মোঃ রায়হান-উজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র
জনবল নিয়োগ কমিটি
বোরহানউদ্দিন, ভোলা।